গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬-২৫৬ তারিখঃ ০৬/০৯/২০২৬

## "ভর্তি বিজ্ঞপ্তি"

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা (নুন্যতম) | কোর্সের মেয়াদ | দরখাস্ত জমার শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ | ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ | ভর্তি কোর্স ফি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মৎস্য চাষ (২য় ব্যাচ) (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ | ৮ম শ্রেণী পাশ | ০১(এক) মাস | ২৮/০৯/২৬ | ৩০/০৯/২৬ সকাল-১০.০০ টা | ০১/১০/২০২৬ | ৫০(পঞ্চাশ) টাকা |
| ২ | পোষাক তৈরী (২য় ব্যাচ) (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ | ৮ম শ্রেণী পাশ | ০৩(তিন) মাস | ২৮/০৯/২৬ | ৩০/০৯/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/১০/২০২৬ | ৫০(পঞ্চাশ) টাকা |
| ৩ | ফ্যাশন ডিজাইন (অনাবাসিক) আসন সংখ্যা - ৩০ জন | এইচ এস সি পাশ | ০৩(তিন) মাস | ২৮/০৯/২৬ | ২৯/০৯/২০২৬ সকাল-১০.০০ টা | ০১/১০/২০২৬ | ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৮ সেপ্টেম্বর ,২০২৬ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ০১ অক্টোবর , ২০২৬ খ্রি:।

খ) বর্ণিত কোর্সে / ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ০৬/০৯/২০২৬খ্রিঃ তারিখ ১৮থেকে ৩৫ বৎসর এবং **কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে** প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) সকল জেলা /উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে https:/ytms.gov.bd লিংকে গিয়ে আবেদন করতে হবে।

ঙ) আবেদনকারী /প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চ) চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে।প্রশিক্ষাণার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষাণার্থীর বিকাশ একাউন্ট থাকতে হবে।

ছ) দূরবর্তীস্থানে বসবাসরত **কর্ম প্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে** ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন **কর্মকর্তার কার্যালয় /যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে ।**

জ) আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রঙিন) ছবি সংগে আনতে হবে।

ঝ) দলিত (সুইপার,ঋষি,ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি /অটিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স্ ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষনে ভর্তির সুযোগ রয়েছে ।

ঞ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না

ট) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঠ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষনিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ড) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না ।

**প্রশিক্ষনের শর্তাবলী :**

ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

গ) প্রশিক্ষণ শেষে **আত্মকর্মসংস্থান /কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।**

**ঘ)** প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

**ঙ) তাত্ত্বিক ক্লাসগুলো অনলাইন/স্বশরীরে এবং ব্যবহারিক ক্লাসগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।**

**চ)** সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।

**ছ)** ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না ।

( মোঃ আবুল কালাম )
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
E-mail: ddkhulna@dyd.gov.bd
ফোন-০২-৪৪১১০৯৪৭

CamScanner